# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd


সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)১/৩(৭)/২০২২-২০২৩/২১৪৯(১২৫০) তারিখঃ ০২/০৩/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
সকল উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ প্রাণিসম্পদ খাতে ঋণ বিতরণের ক্ষেত্রে কাঁচা রসিদ গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিগত ১৮/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটির ১২৯তম সভায় বর্ণিত বিষয়ে একটি প্রস্তাবনা উপস্থাপন করা হলে উক্ত সভায় ব্যাংকের প্রাণিসম্পদ খাতে ঋণ বিতরণের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে কাঁচা রসিদ গ্রহণ পূর্বক প্রাণিসম্পদ খাতে ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা জারী করার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রাণিসম্পদ খাতে ঋণ বিতরণ সহজিকরণ করার লক্ষ্যে প্রচলিত ক্রয়-বিক্রয় রসিদ গ্রহণের পাশাপাশি স্থানীয় হাট/বাজার এর বাহিরে প্রাণিসম্পদ ক্রয়-বিক্রয় করা হলে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেম্বার/উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি কর্তৃক প্রতিস্বাক্ষরিত ক্রেতা বিক্রেতার মধ্যে প্রাণিসম্পদ ক্রয়-বিক্রয় এর কাঁচা রসিদ গ্রহণের মাধ্যমে প্রাণিসম্পদ খাতে ঋণ বিতরণ করা যাবে। তবে, এইক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংকের অনুসৃত নীতিমালা যথাযথ ভাবে অনুসরণ পূর্বক সরকারী বিধি মোতাবেক প্রযোজ্য মূল্যের রেভিনিউ স্ট্যাম্প লাগানোর বিষয়টি নিশ্চিতকরত ঋণ মঞ্জুরি/বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

02/03/2023

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)১/৩(৭)/২০২২-২০২৩/২১৪৯(১২৫০) তারিখঃ ০২/০৩/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

02/03/2023

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক